

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাজেট ও পরিকল্পনা-১ অধিশাখা
www.mof.gov.bd

বিষয়: অর্থ বিভাগের ২০২০-২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী।

সভাপতি	বেগম সেলিনা আখতার অতিরিক্ত সচিব (প্রশাসন ও ব্যয় ব্যবস্থাপনা) ও চিফ ইনোভেশন অফিসার অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
তারিখ ও সময়	২৭/০১/২০২১, সকাল ১১.০০ ঘটিকা
স্থান	কক্ষ নং- ২০৪, ভবন নং-৭, অর্থ বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা **পরিশিষ্ট-‘ক’**।

সভার প্রারম্ভে সভাপতি ও চিফ ইনোভেশন অফিসার, অর্থ বিভাগ উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অর্থ বিভাগের উপসচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোহাম্মদ সাইদুল আরীফ আলোচ্যসূচি উপস্থাপন করেন। আলোচ্যসূচি অনুযায়ী অর্থ বিভাগের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন কাঠামো, ২০২০-২০২১ এর অর্ধবার্ষিক (জুলাই-ডিসেম্বর, ২০২০) অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনা করা হয়। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়নকারি উইং/অধিশাখা/শাখা
০১.	অর্থ বিভাগের ইনোভেশন টিমের সভা যথা সময়ে আয়োজন করতে হবে এবং উদ্ভাবন কাজের সাথে সম্পৃক্ত সকল প্রমানক যথা সময়ে সংগ্রহ করতে হবে।	বাজেট ও পরিকল্পনা-১ অধিশাখা
০২.	অর্থ বিভাগের ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার (Innovation) অন্তর্ভুক্ত কার্যাবলী নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।	বাজেট-১/প্রশাসন অনুবিভাগ
০৩.	অর্থ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ মাঠ পর্যায়ের অফিসসমূহ এবং চলমান উদ্ভাবনী প্রকল্পসমূহ সরেজমিনে নিয়মিত পরিদর্শন ও প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে।	বাজেট ও পরিকল্পনা-১ অধিশাখা
০৪.	অর্থ বিভাগ ও হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের সমন্বয়ে নূন্যতম একটি উদ্ভাবন প্রদর্শনীর (শোকেসিং) আয়োজন করবে।	হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়/ বাজেট ও পরিকল্পনা-১ অধিশাখা
০৫.	অর্থ বিভাগের ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার (Innovation) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন (ত্রৈমাসিক, অর্ধবার্ষিক ও বার্ষিক) নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।	বাজেট ও পরিকল্পনা-১ অধিশাখা

২। পরিশেষে, আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বা/-

২৮/০১/২০২১

(বেগম সেলিনা আখতার)

অতিরিক্ত সচিব (প্রশাসন ও ব্যয় ব্যবস্থাপনা)

ও

চিফ ইনোভেশন অফিসার

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

=০২=

নম্বর: ০৭.০০.০০০০.০৩৩.০৫.০০৯.২০-৩৬


তারিখ: ১৪ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ
২৮ জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

বিতরণঃ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ০২। অতিরিক্ত সচিব (সামষ্টিক অর্থনীতি)/(বাজেট-১)/(প্রশাসন ও সমন্বয়)/(আইন উপদেষ্টা)/(প্রশাসন), অর্থ বিভাগ।
- ০৩। যুগ্মসচিব (প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর (BACS & iBAS ++)) SPFMS প্রোগ্রাম, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৪। উপসচিব (প্রশিক্ষণ)/(বাজেট-১), অর্থ বিভাগ।
- ০৫। সিনিয়র সিস্টেমস এনালিস্ট (এফএসএমইউ), অর্থ বিভাগ।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ-

- ০১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও ব্যয় ব্যবস্থাপনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ।
- ০৩। যুগ্মসচিব (বাজেট ও পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ।
- ০৪। অফিস কপি।


মোহাম্মদ সাইদুল আরীফ
উপসচিব